ঢাকা ওয়াসা

বিষয়ঃ রাজস্ব জোন-৩ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানি ও পয়ঃ বকেয়া বিল আদায়ের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার জন্য খরচ মিটানোর কাজে অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

২৮। রাজস্ব জোন-৩ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানি ও পয়ঃ বকেয়া বিল আদায়ের লক্ষ্যে আগামী ০৩/০৮/২০২৫ইং ও ০৪/০৮/২০২৫ইং তারিখ মোট ২ (দুই) দিন ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত-০১ এর স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫/৩৮, তারিখঃ ২৪/০৭/২০২৫ইং এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে। ভ্রাম্যমান আদালত চলাকালে রাজস্ব জোন-৩ এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ, পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। ভ্রাম্যমান আদালতের সার্বিক কাজে সহায়তার জন্য কর্মকর্তা-কর্মচারীগণের আপ্যায়ন এবং পুলিশ ফোর্স সহ বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি ভাতা ও গাড়ী ভাড়া ইত্যাদি খরচ বাবদ ২ (দুই) দিনে ২ x১০,০০০ = ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক বরাদ্দের প্রয়োজন। সম্ভাব্য খরচের ব্রেক-আপ নিম্নরুপঃ-

ক) বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি বাবদ-	২,০০০/- x ২ দিন = ৪,০০০/-
খ) পুলিশ ফোর্সের আপ্যায়ন বাবদ-	৩,৫০০/- x ২ দিন = ৭,০০০/-
গ) গাড়ী ভাড়া বাবদ-	২,০০০/- x ২ দিন = ৪,০০০/-
ঘ) ভ্রাম্যমান আদালতের সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগনের আপ্যায়ন খরচ বাবদ -	২,৫০০/- x ২ দিন = ৫,০০০/-
	মোট = ২০,০০০/-

২৯। উল্লেখ্য যে, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মুঃ রাসেদুজ্জামান, আদালত-০১ এর মাধ্যমে রাজস্ব জোন-৩'এ আগামী ০৩/০৮/২০২৫ইং ও ০৪/০৮/২০২৫ইং তারিখ ভ্রাম্যমান আদালত পরিচালিত হবে (কপি সংযুক্ত)।

৩০। এমতাবস্থায়, বিশেষ অভিযান পরিচালনার জন্য বর্নিত খাতের খরচ মিটানোর লক্ষ্যে উল্লেখিত সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা 'স্পেশাল ড্রাইভ' খাত হতে পি.পি.আর ২০০৮ এর ৮১(১) ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রীম হিসাবে রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৩ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য নথি প্রেরণ করা হলো। এ অগ্রীমের টাকা পরবর্তীতে সমন্বয়ের জন্য খরচের ভাউচার হিসাব বিভাগে প্রেরণ করা হবে।

ARO RO

মুন্সী মোস্তফা কামাল
ইউ.ডি.এ
রাজস্ব জোন-৩
ঢাকা ওয়াসা

মোহাম্মদ মঞ্জুরুল মোর্শেদ
সহকারী রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-০৩, ঢাকা ওয়াসা

মোঃ ফেরদৌস হোসেন চৌধুরী
রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৩
ঢাকা ওয়াসা

CRO CM

মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

ঢাকা ওয়াসা

৩৭। অনুচ্ছেদ-৩০ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

৩১/৭/২০২৪
এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

নং-২৬২/বিল
৩১/৭/২৪

ডি এম ডি (অর্থ)
নং- ২০৭২
তাং- ৩১.০৭.২৪
ঢাকা ওয়াসা

৩১/৭/২৪
DMD (F)
মোঃ মুস্তাফিজুর রহমান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা

CM

৩১/৭/২৪
এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

০১/০৮/২৪ CRO
মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

RO (Z-03)
শেখ ফেরদৌস হোসেন চৌধুরী
রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৩
ঢাকা ওয়াসা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত
ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন (১৪ তলা)
কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫/৩৮

তারিখ : ৯ ই শ্রাবণ, ১৪৩২
২৪ জুলাই, ২০২৫

বিষয় ঃ আগস্ট / ২০২৫ মাসে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত পুলিশ ফোর্স মোতায়েন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মেট্রোপলিটন এলাকায় নিম্নলিখিত এলাকায় ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬(১৯৯৬ সনের ৬ নং আইন)সহ অন্যান্য আইনে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত আগামী ০৩/০৮/২০২৫ খ্রি. হতে ২৮/০৮/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সময় নিম্নলিখিত ছ'কে ধার্য করা হয়েছে।

ক্র:নং	রাজস্ব জোন	থানার আওতাধীন এলাকা সমূহ	মোবাইল কোর্ট পরিচালনার তারিখ সমূহ
০১.	০৩	মোহাম্মদপুর, ধানমন্ডি, নিউমার্কেট, আদাবর	০৩/০৮/২০২৫, ০৪/০৮/২০২৫
০২.	১০	মিরপুর মডেল থানা, কাফরুল, পল্লবী, ভাষানটেক	০৬/০৮/২০২৫, ০৭/০৮/২০২৫
০৩.	০৫	মহাখালী, বনানী, গুলশান, তেজগাঁও, তেজগাঁও শিল্প অঞ্চল	১১/০৮/২০২৫, ১২/০৮/২০২৫
০৪.	০৮	গুলশান, বাড্ডা, খিলক্ষেত, ভাটারা	১৩/০৮/২০২৫, ১৪/০৮/২০২৫
০৫.	০৩	মোহাম্মদপুর, ধানমন্ডি, নিউমার্কেট, আদাবর	১৮/০৮/২০২৫, ১৯/০৮/২০২৫
০৬	১০	মিরপুর মডেল থানা, কাফরুল, পল্লবী, ভাষানটেক	২০/০৮/২০২৫, ২১/০৮/২০২৫
০৭.	০৫	মহাখালী, বনানী, গুলশান, তেজগাঁও, তেজগাঁও শিল্প অঞ্চল	২৫/০৮/২০২৫, ২৬/০৮/২০২৫
০৮.	০৮	গুলশান, বাড্ডা, খিলক্ষেত, ভাটারা	২৭/০৮/২০২৫, ২৮/০৮/২০২৫

এমতাবস্থায়, উপরোল্লিখিত তারিখে সকাল ৯.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তার জন্য অফিসারসহ কমপক্ষে ০৫(পাঁচ) জন পুলিশ ফোর্স উপরোল্লিখিত ছ'ক অনুযায়ী মিরপুর পুলিশ লাইনস্ / সংশ্লিষ্ট থানা থেকে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মুঃ রাসেদুজ্জামান)
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
আদালত-০১, ঢাকা ওয়াসা
ফোন: ০১৭৫৯-৫৬০৯০০
courtdwasac1@gmail.com

পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫/৩৮

তারিখঃ ২৪ জুলাই, ২০২৫

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
০২. উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)/অর্থ/ওএন্ডএম/আরপিএন্ডডি/ ঢাকা ওয়াসা।
০৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ঢাকা।
০৪. বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
০৫. সচিব, ঢাকা ওয়াসা।
০৬. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৭. **উপ-পুলিশ কমিশনার(অপারেশনস্), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৩৬, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্বরণী, রমনা, ঢাকা।**
০৮. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, আদালত-২ / ৩, ঢাকা ওয়াসা।
০৯. নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-০৩/০৫/০৮/১০ ঢাকা ওয়াসা। (একজন উপ-বিভাগীয় প্রকৌশলীর নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্ছিন্নকারী দল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল)।
১০. উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-০৩/০৫/০৮/১০, ঢাকা ওয়াসা। (নির্ধারিত তারিখে একজন সহকারী রাজস্ব কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্যুতকারী দল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল)।
১১. অফিসার ইনচার্জ, ..., ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১২. পরিবহন কর্মকর্তা, ঢাকা ওয়াসা। নির্ধারিত তারিখে সকাল ৮.৩০ ঘটিকায় ওয়াসা ভবনের সামনে একটি মাইক্রোবাস জ্বালানীসহ প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল।
১৩. অফিস কপি।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
আদালত-০১
ঢাকা ওয়াসা।